বিয়ের প্রলোভনের মামলায় নোবেলের আটকের একদিনেই জামিন



মাইনুল আহসান নোবেল। ছবি: সংগৃহীত

বিয়ের আশ্বাস দিয়ে এক তরুণীকে আটকে রাখা, আপত্তিকর ছবি তৈরির চেষ্টা এবং প্রায় ১৩ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে করা মামলায় গ্রেপ্তার হওয়ার একদিন পরই জামিন পেয়েছেন সংগীতশিল্পী মাইনুল আহসান নোবেল।

মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজু আহমেদ আপসের শর্তে তার জামিন মঞ্জুর করেন। বিষয়টি নিশ্চিত করেছেন বাদীপক্ষের আইনজীবী সাজিদুল ইসলাম।

এর আগে সোমবার (২৩ ফেব্রুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে সিদ্ধিরগঞ্জ থানার বটতলা এলাকা থেকে তাকে আটক করে পুলিশ। ডিএমপির ডেমরা থানার তদন্ত কর্মকর্তা মুরাদ হোসেন জানান, ভুক্তভোগী তরুণীর অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে প্রতারণা ও পর্নোগ্রাফি তৈরির চেষ্টার মামলা হয়। ওই মামলায় আদালত থেকে গ্রেপ্তারি পরোয়ানা জারি হলে সেটির ভিত্তিতেই তাকে আটক করা হয়।

উল্লেখ্য, নারীসংক্রান্ত অভিযোগে এর আগেও আইনি জটিলতায় পড়েছিলেন নোবেল। গত বছরের মে মাসে নারী নির্যাতনের মামলায় তাকে ডেমরার আমতলার বাসা থেকে গ্রেপ্তার করা হয়েছিল।